**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 2↵-09-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীকে স্বদেশী পণ্য ব্যবহারের মাধ্যমে** উৎসব **মরশুম উদযাপন করার আহ্বান জানিয়েছেন।**

**(২) আজ মহাষষ্ঠী। দেবী দূর্গার বোধন ও ষষ্ঠী পূজার মধ্য দিয়ে শুরু হল পাঁচদিনব্যাপী শারদীয়া** দুর্গোৎসব|

**(৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে গনতান্ত্রিক ও আধ্যাত্মিক পরিবেশ বিরাজ করছে।**

**(৪) পুজোর দিনগুলিতে রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে- জানালো আবহাওয়া ।**

*************************************************************

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশবাসীকে স্বদেশী পণ্য ব্যবহারের মাধ্যমে উৎসব মরশুম উদযাপন করার আহ্বান জানিয়েছেন। একই সাথে তিনি ভোকাল ফর লোকালকে মন্ত্র হিসাবে পরিণত করারও আহ্বান জানান।আকাশবাণীর মান কি বাতের ১২৬ তম পর্বের দেশবাসীর সাথে মতবিনিময় করতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন যে দেশে এখন একের পর এক উৎসব আসবে। এছাড়া GST বচত উৎসব চলছে|

##########PM Swadeshi Byte##########

প্রধানমন্ত্রী বলেন আগামী দোসরা অক্টোবর গান্ধী জয়ন্তী উদযাপন করা হবে। মহাত্মা গান্ধীও স্বদেশী দ্রব্য ব্যবহার উপর গুরুত্ব আরোপ করেছিলেন এর মধ্যে

অন্যতম ছিল খাদি। তিনি আরো বলেন যে গত ১১ বছরের মধ্যে দেশে খাদি দ্রব্যের প্রতি আকর্ষণ তাৎপর্যপূর্ণভাবে বৃদ্ধি পেয়েছে। প্রধানমন্ত্রী আগামী ২রা অক্টোবর গান্ধী জয়ন্তী দিনে সকলকেই খাদি দ্রব্য ক্রয় করার অনুরোধ জানান। প্রধানমন্ত্রী বলেন যে দেশে এবারের বিজয়া দশমী একটি বিশেষ কারণে তাৎপর্যপূর্ণ। ঐদিন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের প্রতিষ্ঠার শতবর্ষ পূর্ণ হবে। তিনি বলেন সংঘের এই শতবর্ষের যাত্রা পথ যেমন বিস্ময়কর তেমনি অনুপ্রেরণামূলক।

প্রধানমন্ত্রী দেশের নারী শক্তির উল্লেখ করে বলেন দেশের কন্যারা ব্যবসা, ক্রীড়া, শিক্ষা এবং বিজ্ঞান সর্বক্ষেত্রেই অভাবনীয় দৃষ্টান্ত স্থাপন করছেন| এই প্রসঙ্গে প্রধানমন্ত্রী নৌবাহিনীর দুই মহিলা কমান্ডার ডিলনা এবং রুপার কর্মকুশলতার উল্লেখ করেন|

মন কি বাতের এই পর্বে প্রধানমন্ত্রী আসামের ভূপেন হাজারিকার প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন যে সম্প্রতি তিনি আসামে ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন। প্রধানমন্ত্রী জুবিন গর্গের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেন যে যুবিন সারা দেশেই তার ছাপ রেখে গিয়েছে। এবং আগামী প্রজন্ম তার সংগীত দ্বারা অনুপ্রাণিত হবে।

##########PM Byte 2##########

মন কি বাতের এই পর্ব বিশেষ তাৎপর্যপূর্ণ বলে উল্লেখ করে তিনি বলেন আজ শহীদ ভগৎ সিং এবং লতা মঙ্গেশকরের জন্মবার্ষিকী। প্রধানমন্ত্রী ভগৎ সিং এর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেন যে তিনি প্রতিটি ভারতীয় বিশেষ করে দেশের যুবকদের জন্য অনুপ্রেরণা। প্রয়াতা লতা মঙ্গেশকরের প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন যে তাঁর গান মানুষের মনকে ছুঁয়ে যেত এবং দেশাত্মবোধের সঙ্গীত জনগণকে আজও উদ্বুদ্ধ করে।

প্রধানমন্ত্রী বলেন দেশে এখন পুরোদমে উৎসবের মরশুম চলছে। তিনি আসন্ন দেওয়ালি উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানান। তিনি আরো বলেন যে দেশকে আত্মনির্ভর বানানোর একমাত্র পথ হচ্ছে স্বদেশী উৎপাদন ক্রয় করা।

****************************

**Maan Ki Baat-State:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আজ উত্তর জেলা সফরের সময় ট্রেনে বসে প্রধানমন্ত্রীর মন কি বাত শোনেন|

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বিজেপি রাধা কিশোর পুর মন্ডলের ২৫ নং বুথে, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী মজলিশপুর বিধানসভা কেন্দ্রের ৩৫ নম্বর বুথে, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা কৃষ্ণপুরের বিলাইহাম রিয়াং পাড়ায় এবং মেয়র দীপক মজুমদার স্থপারি বাগানস্থিত দশরথ দেব অডিটোরিয়ামে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মন কি বাত শোনেন।

****************************

**Sharad Festival, Durga Puja:**

আজ মহাষষ্ঠী। দেবী দূর্গার বোধন ও ষষ্ঠী পূজার মধ্য দিয়ে শুরু হল পাঁচদিনব্যাপী শারদীয়া দুর্গোৎসব| রাজ্য জুড়ে উৎসবের আমেজ। ঢাক ঢোলের আওয়াজে মুখরিত পূজা প্রাঙ্গন।

##########Sound Byte##########

আজ দুপুরে আগরতলা ও তার আশপাশে একপশলা বৃষ্টি হলেও বিকেল থেকে মন্ডপে মন্ডপে দর্শনার্থীদের ভিড় বাড়তে দেখা গেছে। আগরতলার রাজপথগুলোতেও ভিড় লক্ষ্য করা গেছে।

পুজোর দিনগুলোতে নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে। ব্যাপক সংখ্যায় নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে|

***************************

**C.M at Unakoti District:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ দুপুরে ঊনকোটি জেলার কৈলাশহর ও কুমারঘাট মহকুমার বিভিন্ন পূজা মন্ডপ পরিদর্শন করেন। প্রথমে তিনি কৈলাশহরের শ্রীরামপুর সংহতি সার্বজনীন দুর্গাপূজা মন্ডপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এখানে ভাষন দিতে গিয়ে তিনি বলেন, রাজ্যে গনতান্ত্রিক ও আধ্যাত্মিক পরিবেশ বিরাজ করছে।

এছাড়া মুখ্যমন্ত্রী কৈলাশহর, ফটিকরায় ও কুমারঘাটে পূজা মন্ডপ পরিদর্শন করেন।

এদিকে, মুখ্যমন্ত্রী আজ ধর্মনগরে টাউন কালী বাড়ি এবং হাফলংছড়ায় রামকৃষ্ণ সেবা সমিতির পূজা মণ্ডপের উদ্বোধন করেন।

এখানে মুখ্যমন্ত্রী ত্রিপুরার সর্বস্তরের মানুষের মঙ্গল ও সুস্থতা কামনা করেন।

***************************

**Durga Puja Wish:**

শারদীয়া দুর্গোৎসব উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ। এছাড়া ত্রিপুরা প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য্য দুর্গোৎসব উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন| ত্রিপুরা প্রদেশ কংগ্রেস কমিটি সভাপতি আশীষ কুমার সাহাও শারদোৎসব উপলক্ষে রাজ্যের সব অংশের মানুষকে শুভেচ্ছা জানিয়েছেন|

***************************

**SFI Blood- Manik Sarkar:**

এসএফআই সদর বিভাগীয় কমিটির উদ্যোগে আজ আগরতলার ছাত্র যুব ভবন রক্তদান আয়োজন করা হয়| এর উদ্বোধন করেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার| শিবিরে ২৭ জন রক্তদান করেন।

****************************

**Namo Yuva Run at Santirbazar:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে আজ দক্ষিণ জেলার শান্তিরবাজার মন্ডল যুব মোর্চার উদ্যোগে আয়োজিত নমো যুব রান অনুষ্ঠিত হয়| এর সূচনা করেন প্রদেশ যুব মোর্চার সভাপতি সুশান্ত দেব।

****************************

**Weather :**

পুজোর দিনগুলিতে রাজ্যের বিভিন্ন স্থানে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আজ আবহাওয়া দপ্তরের পূর্বাভাষে বলা হয়েছে। আগামী ২৪ ঘন্টায় ধলাই জেলায় এবং ৩০ সেপ্টেম্বর মহাঅষ্টমী থেকে দোসরা অক্টোবর বিজয়া দশমী পর্যন্ত পশ্চিম জেলা, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলার বিভিন্ন অঞ্চলে ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

****************************

****************************